

দেশের সব বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সঙ্গে মতবিনিময় করার  
জন্য ডেকেছে সরকার। নিরাপদ সড়কের দাবিতে আন্দোলনরুত  
শিক্ষার্থীদের সঙ্গে আইনশৃঙ্খলা বাহিনীর সংঘর্ষের প্রেক্ষাপটে করণীয়  
নির্ধারণের জন্যই তাদের সঙ্গে বসছে শিক্ষা প্রশাসন।

ঢাকার আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট মিলনায়তে আজ বিকাল ৩টায়  
এই মতবিনিময় সভা হবে। গতকাল শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয়  
মণ্ডল কমিশনের পৃথক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ওই সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত  
থাকবেন। এতে সভাপতিত্ব করবেন ইউজিসি'র চেয়ারম্যান প্রফেসর  
আবদুল মানান। এর আগে গত ৫ আগস্ট ঢাকা মহানগরীর সরকারি-  
বেসরকারি স্কুল-কলেজের প্রধানদের নিয়ে সভা করে বেশ কিছু নিদেশনা  
দিয়েছিলেন শিক্ষামন্ত্রী ও সচিব। এরপর স্কুল-কলেজের শিক্ষার্থীদের আর  
রাস্তায় নামতে দেখা যায়নি।

গত ২৯ জুলাই ঢাকার বিমানবন্দুর সড়কে বাসচাপায় দুই শিক্ষার্থীর মৃত্যু  
হয়। এ ঘটনার প্রতিবাদে রাজধানী অচল করে টানা বিশ্বেগভ করে বিভিন্ন  
স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী। এই আন্দোলনের নবম দিন  
সোমবার রাজধানীতে কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সামনে  
আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে শিক্ষার্থীদের সংঘর্ষ হয়।

এই পরিস্থিতিতে রাজধানীল ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি দুই দিন এবং ব্র্যাক  
বিশ্ববিদ্যালয় এক দিনের জুন্য বন্ধ ঘোষণা করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।  
তবে গতকাল ঢাকায় শিক্ষার্থীদের আন্দোলনে নামতে দেখা যা